অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/16/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে জলবায়ু পরিবর্তনের প্রভাবের মোকাবেলা করে এমন রূপান্তরমূলক সবুজ অবকাঠামো প্রকল্পসমূহের জন্য *60 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন*

সবুজ স্থিতিস্থাপকতা অনুদান কর্মসূচিটি গভর্নর হোকলের 2024 সালের স্টেট অফ দ্য স্টেটের সার্বিক স্থিতিস্থাপকতা এজেন্ডাকে অগ্রসর করে

নিউ ইয়র্ক সিটির প্রকল্পসমূহের জন্য তহবিলের প্রায় 50 শতাংশ 2022 সালের পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান বন্ড আইন দ্বারা আংশিকভাবে সমর্থিত হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে পুরো স্টেটের 13টি রূপান্তরমূলক সবুজ অবকাঠামো প্রকল্পকে সমর্থন করার জন্য 60 মিলিয়ন মার্কিন ডলার সবুজ স্থিতিস্থাপকতা অনুদান (Green Resiliency Grant, GRG) তহবিল ঘোষণা করেছেন। প্রকল্পসমূহ বিশেষ করে বন্যা প্রবণ এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে জলবায়ু পরিবর্তনের প্রভাবের মোকাবেলা করবে। পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান এনভায়রনমেন্টাল বন্ড আইনের (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) মাধ্যমে সমর্থিত GRG কর্মসূচিটি নিউ ইয়র্কবাসীকে চরম আবহাওয়া থেকে সুরক্ষিত রাখতে এবং পরিষ্কার পানির সংস্থানের সমান অ্যাক্সেস নিশ্চিত করতে গভর্নর হোকলের স্টেট অফ দ্য স্টেটের স্থিতিস্থাপকতা প্রতিশ্রুতিকে পূরণ করবে। তহবিলের প্রায় অর্ধেক নিউ ইয়র্ক সিটিকে প্রদান করা হয়েছে যাতে সিটিকে আরো স্থিতিস্থাপক বানানো যায়, আজকের ঘোষণাটি সিটির জন্য একটি স্থিতিস্থাপক এবং সবুজতর ভবিষ্যতের ব্যবস্থা করতে আমাদের স্টেটের অবিচল নিবেদনকে তুলে ধরে।

"আমাদের সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখার জন্য স্থিতিস্থাপকতা ব্যবস্থায় বিনিয়োগ করার জরুরি প্রয়োজনের কথা হারিকেন হেলেন এবং মিল্টন আরেকবার মনে করিয়ে দিয়েছে," **গভর্নর হোকল বলেন।** "বলীয়ান এবং টেকসই অবকাঠামো আমাদের প্রতিরক্ষার প্রথম ধাপ। আমাদের স্টেটের অভূতপূর্ব পরিষ্কার পানির বিনিয়োগের সাথে মিলিত হয়ে এনভায়রনমেন্টাল বন্ড আইনটি আমাদের অবকাঠামোকে সমর্থন করছে এবং আগামী বহু প্রজন্মের জন্য আমাদের সম্প্রদায়সমূহকে সুরক্ষিত রাখবে।"

GRG হলো গভর্নর হোকলের সার্বিক স্থিতিস্থাপকতা পরিকল্পনা এবং তার 2024 সালের স্টেট অফ দ্য স্টেট ভাষণ এবং নির্বাহী বাজেটে উপস্থাপিত পরিষ্কার পানিকে নিরাপদ রাখার

পদক্ষেপসমূহের অংশ। 2024 সালের এপ্রিল মাসে আর্থ উইক চলাকালে গভর্নর হোকল কর্মসূচিতে 60 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেন এবং এই অনুদান নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (Environmental Facilities Corporation, EFC) মাধ্যমে পরিচালিত হয়। EFC মার্চ থেকে জনগণের মন্তব্যের জন্য খসড়া যোগ্যতার নির্দেশাবলী জারি করে এবং খসড়া যোগ্যতার নির্দেশাবলীতে জনগণের মতামত ব্যবহার করে কর্মসূচির বিকাশকে অবগত করতে সাহায্য করে।

আজকে ব্রঙ্কসের ভ্যান কর্টল্যান্ড পার্কের একটি ইভেন্টে EFC এর প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ কোলম্যান এই অর্থদানের ঘোষণা করেন। GRG এর 10 মিলিয়ন মার্কিন ডলার টিবেটস ব্রুকের একটি প্রকল্পের পুনরুজ্জীবনকে সমর্থন করবে। একদা একটি মিল পন্ড তৈরি করার জন্য টিবেটস ব্রুকে বাঁধ তৈরি করা হয় ও একে চাপা দেওয়া হয়, এখন উদ্ভাবনী সবুজ অবকাঠামো কৌশল ব্যবহার করে এটিকে খুঁড়ে বের করা হবে এবং দিক পরিবর্তন করা হবে। এটি শুধু জলাশয়কে এর প্রাকৃতিক দশায় পুনঃস্থাপন করবে না, বরং এছাড়াও হার্লেম রিভারে সম্মিলিত সিউয়ারের অধিক প্রবাহকে বার্ষিক 200 মিলিয়ন গ্যালনের বেশি হ্রাস করবে। এছাড়াও প্রকল্পটি একটি নতুন রেল-থেকে-ট্রেইল পার্ক এলাকা তৈরি করবে, পুটন্যাম গ্রিনওয়েকে সম্প্রসারিত করবে এবং বাসিন্দাদের নতুন উন্মুক্ত স্থান এবং ভ্যান কর্টল্যান্ড পার্ক পর্যন্ত উন্নত অ্যাক্সেস প্রদান করবে। 750 মাইল এম্পায়ার স্টেট ট্রেইলকে সংযুক্ত করার মাধ্যমে এই উদ্যোগটি পথচারী ও বাইকারদের জন্য আরো অ্যাক্সেসিবল এবং উপভোগ্য ঘরের বাইরের অভিজ্ঞতা প্রদান করবে।

টিবেটস ব্রুক প্রকল্পটি হলো সবুজ অনুদানপ্রাপ্ত নিউ ইয়র্ক সিটির তিনটি প্রকল্পের একটি, GRG কর্মসূচির উদ্বোধনী এই রাউন্ডের মোট প্রায় 27 মিলিয়ন মার্কিন ডলার যা টেকসই এবং স্থিতিস্থাপক শহুরে বিকাশের ক্ষেত্রে স্টেটের প্রতিশ্রুতি প্রদর্শন করে।

নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ কোলম্যান বলেন, "জলবায়ু পরিবর্তনের প্রভাবের মোকাবেলা করার জন্য মিউনিসিপ্যাল অবকাঠামোকে বোলিং করার গুরুত্ব গভর্নর হোকল উপলব্ধি করতে পারেন। যেসব সম্প্রদায়ের প্রয়োজন সবথেকে বেশি তাদেরকে অতি গুরুত্বপূর্ণ অনুদান প্রদানের মাধ্যমে গভর্নরের সাহসী স্থিতিস্থাপকতা পরিকল্পনাকে অগ্রসর করার ব্যাপারে EFC প্রতিশ্রুতিবদ্ধ। নিউ ইয়র্ক স্টেট সম্প্রদায়সমূহের জন্য নতুন বিনিয়োগ, আধুনিক অবকাঠামো, এবং ভালো বেতনের সবুজ চাকরি নিয়ে আসছে।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেন, "জলবায়ু পরিবর্তনের ফলে ইন্ধনপ্রাপ্ত বর্ধিত বন্যা ও চরম আবহাওয়ার সময়ে ঝড়ের পানি ধারণ করা, শোষণ করা, এবং আরো ভালোভাবে ব্যবস্থাপনা করার মাধ্যমে আমাদের সম্প্রদায়সমূহ এবং পরিবেশকে সুরক্ষিত রাখতে সবুজ অবকাঠামো সমাধান সাহায্য করবে। পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান এনভায়রনমেন্টাল বন্ড আইন ও অন্যান্য উৎস থেকে গভর্নর হোকলের প্রজন্মান্তর বিনিয়োগের মাধ্যমে নিউ ইয়র্ক পুরো স্টেটের বন্যা প্রবণ সম্প্রদায়সমূহে স্থিতিস্থাপকতা উন্নত করার ক্ষেত্রে টেকসই অগ্রগতি করেছে, বিশেষ করে সেই সম্প্রদায়সমূহে যা পরিবেশ সংক্রান্ত দূষণ এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব দ্বারা সবথেকে বেশি চাপের মুখে রয়েছে। আজকের 60 মিলিয়ন

মার্কিন ডলারের বিনিয়োগ হলো পুরো স্টেটের সম্প্রদায়সমূহকে নিউ ইয়র্ক কীভাবে নিরাপদ রাখছে তার আরো একটি উজ্জ্বল উদাহরণ।"

নিউ ইয়র্ক সিটির পার্ক ও বিনোদন বিভাগের (NYC Department of Parks & Recreation) কমিশনার স্যু ডোনোহিউ বলেন, "আমরা যখন জলবায়ু পরিবর্তনের প্রভাবের মোকাবেলা করছি তখন আমাদের সম্প্রদায়সমূহকে আরো জলবায়ুর প্রতি স্থিতিস্থাপক করার জন্য আমাদের অবকাঠামোকে বলীয়ান করা আমাদের জন্য অত্যাবশ্যকীয়। বন্যা প্রবণ এলাকার স্থিতিস্থাপকতা উন্নত করবে, চরম আবহাওয়া ইভেন্টের প্রভাব সর্বনিম্ন করবে, এবং পরীক্ষার পানির অ্যাক্সেস নিশ্চিত করবে এমন অত্যাবশ্যকীয় এইসব সবুজ অবকাঠামো প্রকল্পের জন্য তহবিল প্রদান করার কারণে গভর্নর হোকলের প্রতি আমরা অত্যন্ত কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক সিটির প্রধান জলবায়ু কর্মকর্তা এবং পরিবেশ সুরক্ষা বিভাগের (Department of Environmental Protection, DEP) কমিশনার রোহিত টি আগারওয়ালা বলেন, "জলবায়ু পরিবর্তনের সমাধান, ঝড়ের পানির ব্যবস্থাপনা এবং স্টেটের জনসংখ্যার প্রায় অর্ধেকের জন্য পরিবেশ পরিষ্কার করার জন্য একটি উল্লেখযোগ্য পরিমাণ বিনিয়োগ প্রয়োজন এবং এই সবুজ স্থিতিস্থাপকতা অনুদানের অর্থ হলো স্টেটের এই সমস্যার সমাধান ও এইসব ব্যয় ভাগ করে নেওয়ার জন্য সিটির সাথে যোগদান করার একটি দারুণ উদাহরণ। এইসব চাহিদা অনুধাবন করার জন্য EFC এবং DEC এর প্রতি আমি কৃতজ্ঞ এবং আমাদের সকলের নাগরিকদের জীবন উন্নত করতে এই অংশীদারিত্ব অব্যাহত রাখতে আমি উন্মুখ।"

অর্থপ্রাপ্ত প্রকল্পসমূহ:

ব্রুম কাউন্টির ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি (Broome County Industrial Development Agency): বিংহ্যামটনের ঐতিহাসিক রবার্সন ম্যানসন এবং সংশ্লিষ্ট ফ্যাসিলিটিসমূহে ঝড়ের পানির ব্যবস্থাপনা এবং বন্যার ঘটনায় স্থিতিস্থাপকতা উন্নত করার জন্য বায়োরিটেনশন বেসিন, ছিদ্রযুক্ত পেমেন্ট, ভেজিটেটেড সোয়াল, এবং রিপারিয়ান বাফার যোগ করার জন্য রবার্সন মিউজিয়াম সবুজ উদ্যোগের (Roberson Museum Green Initiative) জন্য 1.475 মিলিয়ন মার্কিন ডলার।

বাফেলো সিউয়ার কর্তৃপক্ষ (Buffalo Sewer Authority): পাঁচটি পার্কে ঝড়ের পানির গাছের ট্রেঞ্চ, বৃষ্টি বাগান, মাটির নিচের ঝড়ের পানি রাখার ব্যবস্থা, এবং ছিদ্রযুক্ত পেভমেন্ট বাস্তবায়ন করতে রেইন চেক 2.0 পার্ক প্রকল্পের (Rain Check 2.0 Park Projects) জন্য 8.75 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি ঝড়ের পানির প্রবাহ বার্ষিক 100,000 ঘনফুট হ্রাস করবে, চরম আবহাওয়ার ইভেন্টের সময় সম্মিলিত সিউয়ারের অধিক প্রবাহ হ্রাস করবে, শহুরে তাপ দ্বীপের প্রভাব সমাধান করবে, বাতাসের মান উন্নত করবে, এবং বিনোদনমূলক সুযোগ উন্নত করবে।

ডজভিল ভিলেজ: গাছের ট্রেঞ্চ, একটি পরিস্রাবণ বেসিন, ছিদ্রযুক্ত পেভমেন্ট, এবং ঝড়ের সিউয়ার ব্যবস্থা এবং ইস্ট কানাডা ক্রিকে পানির প্রবেশ হ্রাস করতে একটি বায়োস্লোপ বাস্তবায়ন করতে নর্থ মেইন স্ট্রিট ওয়াটারফ্রন্ট পার্ক প্রকল্পের (North Main Street Waterfront Park Project) জন্য 1.75 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি পানির মান উন্নত করবে এবং দৃষ্টিনন্দন এই ক্রিকে প্রথম জনগণের জন্য অ্যাক্সেসিবল সংযোগ প্রদান করবে, যা বিনোদনমূলক

কর্মকাণ্ড উন্নত করবে। পরিকল্পনার মধ্যে রয়েছে একটি খেলার মাঠ, সুইং বাগান, প্যাভিলিয়ন, এবং ছিদ্রযুক্ত পেভমেন্ট হাঁটার পথ।

গেডস টাউন: বিজনেস পার্কের মধ্যে কৌশলী অবস্থানসমূহে বায়োরিটেনশন, ভেজিটেটিভ সোয়াল, এবং ছিদ্রযুক্ত পেভমেন্ট স্থাপন করার জন্য ডোয়াইট বিজনেস পার্ক সবুজ অবকাঠামো রেট্রোফিট প্রকল্পের (Dwight Business Park Green Infrastructure Retrofit Project) জন্য 1.025 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি ননপয়েন্ট উৎস থেকে দূষকদের ওনোন্ডাগা লেকে প্রবেশ করা হ্রাস করবে এবং একই সাথে আনুমানিক এক একর জলাভূমি পুনঃস্থাপন করবে এবং শহুরে তাপের প্রভাব হ্রাস করবে।

হ্যাস্টিংস-অন-হাডসন ভিলেজ: ঝড়ের পানির প্রবাহ জমা করা, দূষক থিতানো সম্ভব এমন স্থানে পরিস্রাবণ ও ইভাপোট্রান্সপিরেশনের জন্য তা ধারণ করার জন্য ফ্যারাগাট পার্কওয়ে ভেজা সম্প্রসারিত ডিটেনশন পুকুর প্রকল্পের (Farragut Parkway Wet Extended Detention Pond Project) জন্য 2.5 মিলিয়ন মার্কিন ডলার। ডিটেনশন পুকুর এবং ড্রেনেজ বাইপাস বুটিলিয়ার্স ব্রুক, যা একটি ওয়াটারকোর্স যা ঝড়ের সময় বারবার নিমজ্জিত হয়, সেই পর্যন্ত নিম্ন ধারার অধিক প্রবাহ হ্রাস করবে, এবং একটি আবাসিক এলাকার ক্রমাগত এবং বিধ্বংসী বন্যার অভিজ্ঞতাকে প্রশমন করবে।

কিংস্টন সিটি: জলবায়ু স্থিতিস্থাপকতা উন্নত করতে, পানির প্রবাহ হ্রাস করতে এবং প্রাকৃতিক সংস্থান সুরক্ষিত রাখার জন্য বায়োসোয়াল এবং ঝড়ের পানির গাছের খাদ যোগ করতে নিরাপদ ও অ্যাক্সেসিবল ফ্ল্যাটবুশ এবং ফক্সহল স্ট্রিটস্কেপ প্রকল্পের (Safe & Accessible Flatbush & Foxhall Streetscape Project) জন্য 4.375 মিলিয়ন মার্কিন ডলার। স্ট্রিটস্কেপ উন্নয়ন একটি ব্যস্ত শহুরে এলাকায় পথচারী ও সাইকেলচালকদের জন্য নিরাপত্তা বৃদ্ধি করবে।

মামারোনেক ভিলেজ: দুইটি ফ্লাডপ্লেইন বেঞ্চ তৈরির মাধ্যমে একটি নির্ধারিত উচ্চ ঝুঁকির এলাকায় বন্যার ঝুঁকি প্রশমন করতে ফ্লাডপ্লেইন পুনঃস্থাপন প্রয়াসের (Floodplain Restoration Effort) জন্য 6.6 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি বন্যার পানি জমা রাখার ধারণক্ষমতা বৃদ্ধি করবে এবং প্রাকৃতিক পলি ফিল্টার করে পানির মান উন্নত করবে।

নিউ ইয়র্ক সিটির পার্ক ও বিনোদন বিভাগ: হার্লেম মির ঝড়ের পানির স্থিতিস্থাপকতা প্রকল্পের (Harlem Meer Stormwater Resilience Project) জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার। স্মার্ট পানির অবকাঠামো এবং ইকোলজিক্যাল পুনঃস্থাপনের মাধ্যমে এই প্রকল্পটি সেন্ট্রাল পার্কের উত্তরের জলাশয়সমূহকে ঝড়ের পানির ব্যবস্থাপনার জন্য একাধিক পুকুরের সিস্টেমে রূপান্তরিত করবে, যা সেন্ট্রাল হার্লেম এবং ইস্ট হার্লেমে বন্যার ঝুঁকি হ্রাস করবে।

নিউ ইয়র্ক সিটির আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority): ইস্ট হার্লেমের একটি সরকারি হাউজিং ডেভেলপমেন্টে ঝড়ের পানির প্রবাহের ব্যবস্থাপনা, জমা রাখা, এবং ফিল্টার করার জন্য জেফার্সন হাউজেস ক্লাউডবার্স্ট প্রকল্পের (Jefferson Houses Cloudburst Project) জন্য 6.85 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি একটি সাবসার্ফেস রিটেনশন ব্যবস্থা, ছিদ্রযুক্ত কংক্রিট পেভার্স, এবং দুইটি কৃত্রিম টার্ফ ক্ষেত্র স্থাপন করবে। এই সবুজ অবকাঠামো

অনুশীলন শহুরে তাপ দ্বীপের প্রভাব হ্রাস করবে এবং একই সাথে বাসিন্দাদের ঘরের বাইরের বিনোদনের স্থান পাওয়া সুযোগ প্রদান করবে।

নিউ ইয়র্ক সিটির মিউনিসিপ্যাল পানি অর্থায়ন কর্তৃপক্ষ (New York City Municipal Water Finance Authority): হার্লেম রিভারে সম্মিলিত সিউয়ারের অধিক প্রবাহকে বার্ষিক 200 গ্যালনের বেশি হ্রাস করার জন্য এবং বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করতে নতুন উন্মুক্ত স্থান ও ভ্যান কর্টল্যান্ড পার্কে উন্নত অ্যাক্সেস প্রদান করতে টিবেটস ব্রুক ডেলাইটিং প্রকল্পের (Tibbetts Brook Daylighting Project) জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার অনুদান।

নর্থ টোনাওয়ান্ডা সিটি: দুর্ভেদ্য টেরাসকে পুনরায় সবুজ স্থানে রূপান্তরিত করা, পেভমেন্টের প্রস্থ হ্রাস করা, সড়কে বৃক্ষরোপণ করা, এবং কাঠামোগত মাটি এবং/অথবা বায়োরিটেনশন এলাকা স্থাপন করার জন্য অলিভার স্ট্রিট সবুজ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের (Oliver Street Green Infrastructure Improvement Project) জন্য 1.5 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি একটি বিদ্যমান ঝড়ের সিউয়ার ও পৃথক সম্মিলিত ঝড় ও স্যানিটারি সিউয়ারকে বিস্তৃত করবে, নায়াগ্রা রিভারে অপরিশোধিত নির্গমনকে হ্রাস করবে।

ওগডেন্সবার্গ সিটি: ছিদ্রযুক্ত পেভমেন্টের সার্ফেস অন্তর্ভুক্ত করতে এবং বায়োরিটেনশন ও বৃষ্টি বাগানের কৌশল যোগ করার জন্য ডাউনটাউন মলের সৌন্দর্যবর্ধন, সবুজ অবকাঠামো এবং ঝড়ের পানির হ্রাস প্রকল্পের (Downtown Mall Beautification, Green Infrastructure and Stormwater Reduction Project) জন্য 2.925 মিলিয়ন মার্কিন ডলার। এই প্রকল্পটি সেইন্ট লরেন্স রিভারের পানির মান উন্নত করবে এবং সিটির সম্মিলিত স্যানিটারি ঝড়ের সিউয়ারে ঝড়ের পানি প্রবেশ করা হ্রাস করবে। একটি নতুন পকেট পার্কে থাকবে বৃষ্টির পানি ধরে রাখা ও পুনরায় ব্যবহার করার জন্য ল্যান্ডস্কেপের নকশা। LED বাতির ব্যবস্থা এবং বৈদ্যুতিক যানবাহনের চার্জিং স্টেশন নবায়নযোগ্য শক্তির বিকল্পের আরো প্রসার করবে যা পার্কিং এলাকার সার্বিক কার্বন পদচিহ্নকে হ্রাস করবে।

ইউটিকা সিটি: হ্যালেকের র্‌যাভিনের সংগমস্থলে নেইল ক্রিক সংলগ্নে বন্যা বেঞ্চ নির্মাণ করা এবং রিপারিং বাফার জোন বা জলাভূমি অন্তর্ভুক্ত করতে নেইল ক্রিক ফ্লাডপ্লেইন পুনঃস্থাপনের (Nail Creek Floodplain Restoration) জন্য 2.25 মিলিয়ন মার্কিন ডলার, যা ঝড়ের সময়কার বন্যার সমাধান করবে।

সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলি

জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটির সুরক্ষার আইন অনুযায়ী জলবায়ুর ন্যায়বিচার সংক্রান্ত কাজের গ্রুপ দ্বারা চিহ্নিত করা হয়েছে এমন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলি। সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহ জলবায়ু পরিবর্তন দ্বারা অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত হয়, এবং তাদের দূষণ, বন্যা, এবং চরম তাপের ক্ষেত্রে বর্ধিত ঝুঁকির প্রবণতা থাকে। এনভায়রনমেন্টাল বন্ড আইনের 4.2 বিলিয়ন মার্কিন ডলার তহবিল থেকে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহ অন্তত 35 শতাংশ পাবে এবং 40 শতাংশ প্রদান করার লক্ষ্য থাকবে। GRG কর্মসূচির জন্য EFC 40 শতাংশের লক্ষ্য পার করতে ইচ্ছুক।

পানির মান সম্পর্কে নিউ ইয়র্কের প্রতিশ্রুতি

নিউ ইয়র্ক স্টেট পানি অবকাঠামোতে এর দেশসেরা বিনিয়োগ বৃদ্ধি করে চলেছে, যার মধ্যে রয়েছে শুধু স্টেটের অর্থবছর 2024 এর জন্য স্থানীয় পানি অবকাঠামো প্রকল্পের জন্য EFC থেকে প্রদত্ত 2.2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি আর্থিক সহায়তা। অর্থবছর 2025 সালের প্রণীত বাজেটে পরিষ্কার পানি অবকাঠামোর জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করার জন্য গভর্নর হোকলের ঘোষণার ফলে 2017 সাল থেকে এই বছর পর্যন্ত নিউ ইয়র্ক পানির অবকাঠামোতে মোট 5.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। গভর্নর হোকলের স্টেট অভ দ্য স্টেট উদ্যোগগুলো স্থানীয় সরকারসমূহের সাথে চলমান সমন্বয় অব্যাহত রাখা নিশ্চিত করতে এবং কমিউনিটিগুলো যাতে এই বিনিয়োগ কাজে লাগাতে পারে তা নিশ্চিত করতে সাহায্য করছে। গভর্নর ক্ষুদ্রতর, সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য বর্জ্যপানি প্রকল্পের জন্য WIIA অনুদান মোট যোগ্য প্রকল্প ব্যয়ের 25 শতাংশ থেকে 50 শতাংশে বৃদ্ধি করেছেন। এছাড়াও ক্ষুদ্র, গ্রামীণ এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে এই তহবিল ব্যবহার করতে এবং তাদের পরিষ্কার পানি অবকাঠামোর চাহিদা পূরণে সাহায্য করতে গভর্নর EFC এর কমিউনিটি সহায়তা টিমগুলো সম্প্রসারিত করেছেন। নিজেদের পানির অবকাঠামোর জন্য সাহায্য প্রয়োজন এমন যেকোনো সম্প্রদায়কে EFC এর সাথে এখানে https://efc.ny.gov/CAT যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে।

এই তহবিল ভোটার-সমর্থিত 4.2 বিলিয়ন মার্কিন ডলারের ক্লিন ওয়াটার, ক্লিন এয়ার ও গ্রিন জবস এনভায়রনমেন্টাল বন্ড আইন 2022 সহ অন্যান্য উল্লেখযোগ্য জলের গুণগতমানে বিনিয়োগের পাশাপাশি যা পুরোন জলের অবকাঠামো আপডেট করতে এবং জলের গুণগতমান রক্ষা করতে, তীব্র ঝড় ও বন্যা সহ্য করার জন্য কমিউনিটির সক্ষমতা জোরদার করতে, বায়ু দূষণ হ্রাস করতে এবং জলবায়ু পরিবর্তনকারী নির্গমন হ্রাস করতে, আবাসস্থল পুনরুদ্ধার করতে এবং বাইরের জায়গা ও স্থানীয় খামার সংরক্ষণের জন্য ঐতিহাসিক স্তরে মূলধনকে এগিয়ে নিয়ে যাচ্ছে। এনভায়রনমেন্টাল বন্ড আইনের অধীনে তহবিলের প্রথম রাউন্ড WIIA/IMG কর্মসূচির মাধ্যমে প্রদান করা হয় ডিসেম্বর মাসে যখন গভর্নর হোকল পুরো নিউ ইয়র্ক স্টেটের 156টি প্রকল্পের জন্য 479 মিলিয়ন মার্কিন ডলার অনুদান ঘোষণা করেন, যার মধ্যে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য উপলভ্য করা 309 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন